অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রাইড মাস চলাকালীন সময় নিউ ইয়র্কের LGBTQ+ কমিউনিটিকে সমর্থনের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন

গভর্নর হোকল নিউ ইয়র্কের তরুন LGBTQ+ কমিউনিটির সমর্থনে নিউ ইয়র্ক সিটি প্রাইড মার্চে নিউ ইয়র্কবাসীদের সঙ্গে অংশ গ্রহন করেন

লরেনা বরজেস ট্রান্সজেন্ডার এবং নন-বাইনারি ওয়েলনেস ও ইকুইটি ফান্ডকে বর্ধিত করার মাধ্যমে এর পরিমাণ 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি করা হয়েছে, যেটা দেশের মধ্যে এই ফান্ড সবচেয়ে বড়

দ্য LGBT সেন্টার অব NYC এর জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের প্রতিশ্রুতি প্রদান করেন

ট্রান্সজেন্ডার, জেন্ডার নন-কনফর্মিং এবং নন-বাইনারি ব্যক্তিদের কর্মজীবনে প্রবেশে সহায়তার জন্য পরিকল্পিত প্রোগ্রামের অনুদান প্রদানের ঘোষণা প্রদান করেন

2026-2028 সালের মার্শা পি. জনসন, সিলভিয়া রিভেরা ও এডি উইন্ডসর LGBTQ+ ফেলোশিপের উদ্বোধনের ঘোষণা প্রদান করেন

2025 সালের LGBTQIA+ সমাবেশের জন্য ওয়ার্কশপ প্রস্তাব আহ্বানের সূচনা করেন

প্রাইড মাস উদযাপনে নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন স্থাপনা আলোকিত করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ কয়েকটি সম্প্রসারিত উদ্যোগের ঘোষণা দিয়েছেন, যা নিউ ইয়র্কের LGBTQ+ কমিউনিটির জন্য সহায়তা বাড়ানোর লক্ষ্যে গৃহীত হয়েছে এবং এর মধ্যে ট্রান্সজেন্ডার, নন-বাইনারি এবং জেন্ডার নন-কনফর্মিং কমিউনিটির জন্য অতিরিক্ত বিনিয়োগ এবং নিউ ইয়র্ক সিটির LGBTQ+ হাবগুলোর জন্যও অর্থায়নও রয়েছে। এই বছরের প্রণীত বাজেটের অংশ হিসেবে লরেনা বরজেস ট্রান্সজেন্ডার এবং ননবাইনারি ওয়েলনেস ও ইকুইটি ফান্ডের জন্য স্বাস্থ্য ও মানবসেবা খাতে অতিরিক্ত 5 লক্ষ ডলার বরাদ্দ করা হয়েছে, যার ফলে ফান্ডের মোট পরিমাণ 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি হয়েছে এবং এটি দেশের

সবচেয়ে বড় ধরনের ফান্ড হিসেবে পরিণত হয়েছে। গভর্নর Hochul (হোকল) এই সহায়তার উপর ভিত্তি করেই LGBT সেন্টার অব NYC এর অব্যাহত সংরক্ষণে সহায়তার জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন বিনিয়োগের অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন, যা সংস্কার ও সুস্থতা বিষয়ক কর্মসূচি, অর্থনৈতিক অগ্রগতির উদ্যোগ, পরিবার ও যুব সহায়তা, প্রচার-প্রচারণা, শিল্প ও সাংস্কৃতিক কার্যক্রম, এবং কমিউনিটির সংগঠন, সংযোগ ও উদযাপনের জন্য স্থান প্রদান করে।

"নিউ ইয়র্ক হলো LGBTQ+ আন্দোলনের সূতিকাগার এবং আজ আমরা এই ঐতিহ্যকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "আমরা এই মাসে এবং প্রতি মাসেই LGBTQ+ নিউ ইয়র্কবাসীর অবদানকে সম্মান জানিয়ে যাব এবং তারা নিউ ইয়র্কে যে প্রাণবন্ততা নিয়ে আসে, তা রক্ষার, সহায়তার ও উদযাপনের জন্য কাজ চালিয়ে যাব।"

ট্রান্সজেন্ডার, জেন্ডার নন-কনফর্মিং এবং নন-বাইনারি (transgender, gender non-conforming, and nonbinary, TGNCNB) নিউ ইয়র্কবাসীদের চাহিদা আরো পূরণের জন্য, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department of Labor, NYSDOL) TGNCNB ব্যক্তিদের কর্মসংস্থানে প্রবেশে সহায়তা করার জন্য পরিকল্পিত প্রোগ্রামিংকে সমর্থন করার জন্য 960,000 মার্কিন ডলার কর্মশক্তি উন্নয়ন অনুদান প্রদান করছে। TGNCNB কমিউনিটির জন্য স্বাস্থ্য এবং কর্মসংস্থানের সমতা প্রচারে প্রতিশ্রুতিবদ্ধ অর্গানাইজেশনগুলিকে TWEF সহায়তা প্রদান করে। এই তহবিল সরাসরি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (NYSDOL)-এর 2023 সালের TGNCNB কর্মসংস্থান রিপোর্টে উন্মোচিত গুরুত্বপূর্ণ কর্মশক্তি সমস্যাগুলো সমাধান করে, এবং সেখানে এটা দেখা যায় যে, TGNCNB নিউ ইয়র্কবাসীরা বিভিন্ন কারণে, বিশেষ করে বৈষম্যের কারণে, কম আয় এবং বেশি বেকারত্বের সম্মুখীন হচ্ছেন।

অ্যাসেম্বলিমেম্বার Deborah J. Glick (ডেবোরা জে. গ্লিক) বলেন, "ফেডারেল স্তরে LGBTQ কমিউনিটির উপর বেড়েই চলা আক্রমণ আমাদের নিরাপত্তাকে ক্ষুণ্ন করেছে এবং স্বাস্থ্যসেবা থেকে মানসিক স্বাস্থ্য সেবা ও কর্মশক্তি উন্নয়ন কর্মসূচি পর্যন্ত নানা গুরুত্বপূর্ণ সেবার জন্য অপরিহার্য সহায়তাগুলোকে সুনির্দিষ্টভাবে বাতিল করেছে। LGBTQ আমেরিকানরা কর প্রদান করেন এবং স্বাভাবিকভাবেই আশা করেন তাদের চাহিদাগুলো সমাধান করা হবে। সৌভাগ্যবশত, LGBTQ নিউ ইয়র্কবাসীদের জন্য, আমাদের গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) শুধুমাত্র সমতার গুরুত্বে বিশ্বাস করেন না, বরং আমরা নির্ভরশীল এমন অনেক সেবার জন্য অর্থায়ন প্রদান করে তার প্রতিশ্রুতি বাস্তবায়ন করছেন।"

অ্যাসেম্বলিমেম্বার Harry B. Bronson (হ্যারি বি. ব্রনসন) বলেন, "নিউ ইয়র্কে আমরা নিজেদের অন্তর্ভুক্তিমূলক হিসেবে গর্ব করি এবং এখানে এমন ধরনের আইন বিদ্যমান আছে যা ঘৃণা, ভয় বা বর্জনের উপর ভিত্তি করে নয়, বরং সব মানুষের মর্যাদা ও মানবতাকে সম্মান করে যাতে তারা তাদের সত্যিকার স্বরূপে নিরাপদে বাঁচতে পারে। ফেডারেল স্তরে এবং অন্যান্য স্টেট থেকে মারাত্মক আক্রমণের মুখোমুখি হয়েও আমি গভর্নর Hochul (হোকল) এর সঙ্গে একযোগে এই বছর প্রাইড উদযাপন করতে পেরে গর্বিত, নিউ ইয়র্কের LGBTQIA+ মানুষের — আমার কমিউনিটির — অধিকার রক্ষায় গুরুত্বপূর্ণ নীতি ও অর্থায়ন উদ্যোগের মাধ্যমে দৃঢ় প্রতিশ্রুতিকে আবারো নিশ্চিত করে এবং সেটা সকল নিউ ইয়র্কবাসীর অধিকারকে সুরক্ষিত করে। আপনি কে, কোথা থেকে এসেছেন, আপনার সক্ষমতা কী, আপনি কাকে ভালোবাসেন বা কীভাবে

নিজেকে চিহ্নিত করেন সেটা কোনো বিষয় নয় বরং আমাদের সবারই সম্মান রয়েছে এবং আমরা সমতা, ন্যায়বিচার ও সুযোগের অধিকারী।"

অ্যাসেম্বলিমেম্বার Jessica González-Rojas (জেসিকা গনজালেজ-রোজাস) বলেন, "আমি গর্বিত যে নিউ ইয়র্ক আমাদের LGBTQ+ কমিউনিটির প্রতি, বিশেষ করে ট্রান্স, নন-বাইনারি এবং জেন্ডার নন-কনফর্মিং নিউ ইয়র্কবাসীদের প্রতি, যারা এখনও প্রাতিষ্ঠানিক বাধার মুখোমুখি হন, তাদের জন্য অঙ্গীকার আরো গভীর করছে। কুইন্সের প্রিয় ট্রান্স লাতিনা অভিবাসী পথপ্রদর্শক লরেনা বরজেস-এর নামে নামকরণ করা লরেনা বরজেস ওয়েলনেস এন্ড ইকুইটি ফান্ডের সম্প্রসারণ ঐতিহাসিক এবং একইসাথে একান্তই ব্যক্তিগত। এই বিনিয়োগগুলো প্রমাণ করে যে নিউ ইয়র্ক কুইয়ার ও ট্রান্স মানুষের জন্য বসবাস, সমৃদ্ধি এবং নেতৃত্বের এক নিরাপদ আশ্রয়স্থল হতে পারে এবং অবশ্যই হতে হবে। প্রাইড মাসে এই গুরুত্বপূর্ণ পদক্ষেপের জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং আমাদের স্টেটের আইন প্রণেতাদেরকে ধন্যবাদ জানাই এবং সারা বছরজুড়ে আমাদের কমিউনিটির জরুরী চাহিদা পূরণের জন্য আরো পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাই।"

আজকের ঘোষণাটি 2026-2028 Marsha P. Johnson (মার্শা পি. জনসন), Sylvia Rivera (সিলভিয়া রিভেরা) এবং Edie Windsor (এডি উইন্ডসর) LGBTQ+ ফেলোশিপের উদ্বোধনকে হাইলাইট করে। এমন LGBTQ+ নেতৃবৃন্দের নামানুসারে ফেলোশিপটির নাম দেওয়া হয়েছে যারা তাদের সাহস, দৃঢ়তা এবং অধ্যবসায় দিয়ে LGBTQ+ সমস্যার ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করেছেন এবং LGBTQ+ সম্প্রদায়ে একটি দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে পেরেছেন। Marsha P. Johnson (মার্শা পি. জনসন) এবং Sylvia Rivera (সিলভিয়া রিভেরা)-কে নিউ ইয়র্কে ট্রান্সজেন্ডার কমিউনিটির পক্ষে আন্দোলন-নেতৃত্বাধীন অধিকার রক্ষার জন্য, এবং Edie Windsor (এডি উইনসর)-কে ফেডারেল ডিফেন্স অফ ম্যারেজ অ্যাক্ট-এর বিরুদ্ধে সফলভাবে চ্যালেঞ্জ জানিয়ে অধিকার রক্ষা ও পথপ্রদর্শক কাজের জন্য শ্রদ্ধা জানানো হয়। প্রতি দুই বছর পরপর এই পুরস্কার দেওয়া হয়, LGBTQ+ ফেলো বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি অফিসে কাজ করেন এবং নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি লক্ষ্য অর্জনে প্রধান বৈচিত্র্য কর্মকর্তাকে সহায়তা করেন, যার মধ্যে রয়েছে বৈষম্য বিরোধী এবং সকলের জন্য সমান সুযোগের অধিকারী হিসেবে স্টেটের নেতৃত্বকে গড়ে তোলা। অভ্যন্তরীণ ও বাইরের অংশীদারদের সহযোগিতায়, এবং সকল লিঙ্গ পরিচয় ও সেক্সুয়াল অরিয়েন্টেশন নিউ ইয়র্কবাসীর জন্য একটি আদর্শ নিয়োগকর্তা হিসেবে স্টেটের দীর্ঘমেয়াদী লক্ষ্যকে এগিয়ে নিয়ে যেতে, এই ফেলো স্টেট ব্যাপী LGBTQ+ অন্তর্ভুক্তি বাড়ানোর কাজ করবে এবং এর অংশ হিসেবে নীতি প্রস্তাব খসড়া করা ও বিষয়ভিত্তিক দক্ষতা প্রদান, পুরো স্টেটের উদ্যোগ ও প্রকল্প ব্যবস্থাপনা, কৌশলগত যোগাযোগ প্রণয়ন এবং গুরুত্বপূর্ণ আইনপ্রণয়ন পর্যবেক্ষণের মতো দায়িত্ব পালন করবেন।

গভর্নরের LGBTQ+ বিষয়ক কার্যালয় এখন 2025 LGBTQIA+ সম্মেলনের জন্য কর্মশালার প্রস্তাবের অনুরোধ গ্রহণ করছে, যা মঙ্গলবার, সেপ্টেম্বর 9, 2025 তারিখে নিউ ইয়র্কের আলবানিতে এম্পায়ার স্টেট প্লাজা কনকোর্সে অনুষ্ঠিত হবে। এই চতুর্থ বার্ষিক অনুষ্ঠানে স্টেটের বিভিন্ন সরকারি সংস্থার নীতিনির্ধারক ও সরকারি কর্মকর্তারা একত্রিত হন যাতে তারা সরাসরি অধিকার সংরক্ষণকারীদের কাছ থেকে আমাদের কমিউনিটির সবচেয়ে জরুরী চাহিদাগুলো

শুনতে পারেন এবং সেই চাহিদাগুলো পূরণ ও সমর্থন গড়ে তোলার জন্য প্রস্তাবিত বা চলমান উদ্যোগসমূহ সম্পর্কে অবহিত হতে পারেন।

নিউ ইয়র্ক সিটি LGBT কমিউনিটি সেন্টারের চিফ এক্সিকিউটিভ অফিসার Dr. Carla Smith (ড. কারলা স্মিথ) বলেন, "আমরা এই মূলধন বরাদ্দ পেয়ে আনন্দিত, এবং আমাদের ভবনে এই বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি, যা আমাদের দ্য সেন্টারের উন্নয়ন অব্যাহত রাখতে সহায়তা করবে। গত চার দশকের মধ্যে, দ্য সেন্টার LGBTQ+ নিউ ইয়র্কবাসীর ক্রমবর্ধমান চাহিদাগুলো পূরণে আমাদের ঐতিহাসিক ভবনটিকে উপযোগী করে তোলার জন্য কাজ করেছে এবং বিশ্বজুড়ে LGBTQ+ মানুষের জন্য একটি গর্বের স্থান হিসেবে কাজ করছে। এই মুহূর্তে, আমাদের কমিউনিটির ক্ষতিকর সরকারি নীতি ও বক্তব্যের আক্রমণের মুখে আছে যা ট্রান্স মানুষ এবং কুইয়ার যুবকদের নিশ্চিহ্ন করার চেষ্টা করছে, গুরুত্বপূর্ণ সেবার জন্য অর্থায়ন কমানো হচ্ছে, এবং মানসিক স্বাস্থ্য সংকট ক্রমশ বাড়ছে। নিউ ইয়র্ক স্টেটের LGBTQ+ কমিউনিটির চাহিদা মেটাতে পরিষেবাগুলিতে আরো গভীর বিনিয়োগ নিশ্চিত করার জন্য, বছরের 365 দিনই, আগামী মাসগুলোতে আমরা গভর্নর হোকল এবং তার প্রশাসনের সাথে কাজ করার জন্য অত্যান্ত আগ্রহের সাথে অপেক্ষা করছি।"

বর্তমান Marsha P. Johnson (মারশা পি. জনসন), Sylvia Rivera (সিলভিয়া রিভেরা) এবং Edie Windsor (এডি ইউডসোর) ফেলো Daniel Dobies (ডেনিয়েল ডবিস) (আমরা/আমাদের/আমাদের) বলেন, "এই ফেলোশিপ আমাদেরকে নেতৃত্ব দেওয়ার এবং নীতি ও কর্মসূচি এগিয়ে নেওয়ার সুযোগ দিয়েছে, যেমন লরেনা বরজেস TGNB ওয়েলনেস অ্যান্ড ইকুইটি ফান্ড এবং বার্ষিক LGBTQIA+ সম্মেলন, যা LGBTQ+ নিউ ইয়র্কবাসীর জীবন উন্নত করে। যে তিনজন পথিকৃৎ, সমকামী নারীর নামানুসারে এই ফেলোশিপের নামকরণ করা হয়েছে, তারা সাহস, দৃঢ়তা এবং আনন্দের সাথে পরিচালিত হচ্ছেন, যা আমরা প্রতিদিন রাষ্ট্রীয় সেবায় আনার চেষ্টা করি। তাদের সাহস আমাদের সহায়তা করে এবং আমরা গর্বিত যে আমরা তাদের কাজ চালিয়ে নিয়ে নিউ ইয়র্ক স্টেটকে এমন একটি স্থানে নিয়ে যেতে পেরেছি যেখানে সবাই, LGBTQ+ কমিউনিটিসহ, সফলভাবে উন্নতি লাভ করতে পারে।"

এই মাসের শুরুতে, গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) নিউ ইয়র্ক স্টেটের LGBTQ+ কমিউনিটি উদযাপনের জন্য জুন 2025 কে LGBTQ+ গর্বের মাস হিসেবে মনোনীত করে একটি ঘোষণা জারি করেছেন। আজ রাতেই (30 জুন) স্টেটের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলো গোলাপী, সাদা ও হালকা নীল রঙে এবং লাল, কমলা, হলুদ, সবুজ, নীল ও বেগুনি রঙে আলোকিত করা হবে, এবং প্রগ্রেস প্রাইড ফ্ল্যাগ নিউ ইয়র্কের বিভিন্ন স্টেট অফিস ভবন ও স্টেট পার্কে উত্তোলন করা হয়েছে।

নিম্নলিখিত স্টেটের স্থাপনাগুলো আজ এবং আগামীকাল, 30 জুন, প্রাইড পতাকার বিভিন্ন রঙে আলোকিত করা হবে:

- One World Trade

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- Empire State Plaza
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- “ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট” মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন